আজ সোমবার
২৭ এপ্রিল ২০২৬
১৪ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ
৮ জিলকদ ১৪৪৭ হিজরি

সংবাদের সাথে প্রতিমুহূর্ত

# দৈনিক আমার বার্তা






**খেলাধুলা**
বিশ্বকাপের আগে হাভার্টজের চোট, দুশ্চিন্তায় জার্মানি
পৃষ্ঠা >> ১০

**নগর-মহানগর**
'পরিস্থিতির উন্নতি হচ্ছে, শিগগিরই হাম নিয়ন্ত্রণে চলে আসবে'
পৃষ্ঠা >> ৬

**বিশ্ব বার্তা**
যুদ্ধবিধ্বস্ত গাজায় ধুমধাম করে বিয়ে ৩০০ যুগলের
পৃষ্ঠা >> ৫

**বিনোদন**
ঈদে আবুল হায়াতের 'ভালোবেসেছিলাম'
পৃষ্ঠা >> ১০


■ www.amarbarta.com.bd ■ বর্ষ ১৩ ॥ সংখ্যা ৭৬ ■ রেজি. নং ডিএ-৬২৭৬ ■ ১২ পৃষ্ঠা ১০ টাকা




# এমপিদের শুল্কমুক্ত গাড়ি আমদানি সুবিধা বাতিল

জরুরি সেবায় নিয়োজিতদের জ্বালানি তেলের রেশনিং তুলে নেয়া হয়েছে –সংসদে প্রধানমন্ত্রী

নিজস্ব প্রতিবেদক

জাতীয় সংসদের সদস্যদের শুল্কমুক্ত গাড়ি আমদানির সুবিধা বাতিল করে সংসদে বিল পাস করা হয়েছে। আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী মো. আসাদুজ্জামান 'দ্য মেম্বার্স অব পার্লামেন্ট (রিমিউনারেশন অ্যান্ড অ্যালাওয়েন্সেস) (সংশোধন) অ্যাক্ট-২০২৬' সংসদের অধিবেশনে পাসের জন্য প্রস্তাব উত্থাপন করেন। পরে সেটি কণ্ঠভোটে সর্বসম্মতিতে পাস হয়।

গতকাল রোববার আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী মো. আসাদুজ্জামান বিলটি পাসের জন্য উপস্থাপন করেন। এসময় স্পিকার হাফিজ উদ্দিন আহমদ অধিবেশনে সভাপতিত্ব করেন। সংসদের অধিবেশনে বহুল আলোচিত এ বিলটি পাসের সময় অধিবেশনে উপস্থিত অধিকাংশ সদস্য টেবিল চাপড়ে এই বিল পাসের সিদ্ধান্তকে স্বাগত জানান।

বিলটি পাস হওয়ার ফলে এখন থেকে সংসদ সদস্যরা (এমপি) আর শুল্কমুক্ত সুবিধায় গাড়ি আমদানির সুযোগ পাবেন না। সাধারণ নাগরিকদের মতো সংসদ সদস্যদেরও গাড়ি আমদানির ক্ষেত্রে নির্ধারিত শুল্ক ও কর দিতে হবে। এত দিন সংসদ সদস্যরা কোনো প্রকার শুল্ক বা ট্যাক্স ছাড়াই বিদেশ থেকে দামি গাড়ি আমদানির আইনি সুবিধা ভোগ করতেন।

এ বিলের উদ্দেশ্য ও কারণ সম্বলিত বিবৃতিতে বলা হয়, জনগণের সেবা করার প্রতিশ্রুতি দিয়ে সংসদ সদস্য নির্বাচিত হওয়ার পর সংসদ সদস্যদের নিজের নামে শুল্কমুক্ত গাড়ি আমদানি একদিকে যেমন নির্বাচনী প্রতিশ্রুতির সঙ্গে সামঞ্জস্যপূর্ণ নয়, অন্যদিকে তেমনি ● পৃষ্ঠা-১১ কলাম ১



প্রধানমন্ত্রী তারেক রহমান গতকাল ঢাকায় জাতীয় সংসদ সচিবালয়ে ত্রয়োদশ জাতীয় সংসদ অধিবেশনে প্রশ্নোত্তর পর্বে অংশ নেন –পিআইডি

## ফ্লোরিডায় বাংলাদেশি শিক্ষার্থী হত্যার বিচার চায় ঢাকা

নিজস্ব প্রতিবেদক

ফ্লোরিডায় দুই বাংলাদেশি শিক্ষার্থীকে নৃশংসভাবে হত্যার ঘটনায় সুষ্ঠু তদন্তের মাধ্যমে দায়ীদের বিচারের আওতায় আনার প্রত্যাশা ব্যক্ত করেছেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ ইসলাম।

তিনি গতকাল পররাষ্ট্র মন্ত্রণালয়ে সাংবাদিকদের বলেন, 'এটি অত্যন্ত মর্মান্তিক ঘটনা। তরুণ শিক্ষার্থীর মরদেহ উদ্ধার করা হয়েছে। তবে তরুণীর মরদেহ এখনো পাওয়া যায়নি।'

যুক্তরাষ্ট্রের ইউনিভার্সিটি অব সাউথ ● পৃষ্ঠা-১১ কলাম ১

## বিপিসির জ্বালানিবাহী জাহাজ পেরিয়েছে 'রেড জোন'

নিজস্ব প্রতিবেদক

হরমুজ প্রণালী এড়িয়ে সৌদি আরব থেকে ১ লাখ টন অপরিশোধিত (ক্রুড) তেল নিয়ে চট্টগ্রাম বন্দরে আসছে 'এমটি নিনেমিয়া'। ইতিমধ্যে জাহাজটি সৌদি আরবের ইয়ানবু বন্দর থেকে রেড জোন পেরিয়ে আরব সাগর পাড়ি দিচ্ছে। সব কিছু স্বাভাবিক থাকলে আগামী ৫ বা ৬ মে জাহাজটি চট্টগ্রাম বন্দরের বহির্নোঙরে পৌঁছাবে বলে আশা করছেন সংশ্লিষ্টরা। এ রুটেই আপদকালীন ক্রুড অয়েল আমদানির ● পৃষ্ঠা-১১ কলাম ১

৬৪তম মৃত্যুবার্ষিকীতে প্রধানমন্ত্রীর বার্তা

## অখণ্ড ভারতের অবিসংবাদিত নেতা ছিলেন এ কে ফজলুল হক

নিজস্ব প্রতিবেদক

প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছেন, আবুল কাশেম ফজলুল হক শুধু কৃষক সমাজের নেতা ছিলেন না, তিনি ছিলেন অখণ্ড ভারতের অবিসংবাদিত নেতা। তাঁর সংবেদনশীলতা, মমতা ও রাজনৈতিক আপসহীনতা তাঁকে সর্বভারতীয় রাজনীতির উচ্চ শিখরে ● পৃষ্ঠা-১১ কলাম ৫

## ত্রয়োদশ সংসদ নির্বাচন গণতন্ত্রে নতুন দিগন্ত উন্মোচন করেছে –স্পিকার

নিজস্ব প্রতিবেদক

জাতীয় সংসদের স্পিকার হাফিজ উদ্দিন আহমদ বীর বিক্রম বলেছেন, ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন বাংলাদেশের গণতন্ত্রে এক নতুন দিগন্ত উন্মোচন করেছে। তিনি বলেন, জনগণের আশা-আকাঙ্ক্ষার বাস্তবায়নে এই সংসদ অত্যন্ত কার্যকরী ভূমিকা রাখবে। গতকাল রোববার তাঁর কার্যালয়ে ইউরোপীয় ইউনিয়নের প্রধান নির্বাচন পর্যবেক্ষক ইভার্স আইজাব -এর ● পৃষ্ঠা-১১ কলাম ২

## একনেকে ১৩ হাজার ৪৪৫ কোটি টাকার ১৪ প্রকল্প অনুমোদন

নিজস্ব প্রতিবেদক

জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) সভায় ১৩ হাজার ৪৪৫ কোটি ৪১ লাখ টাকা ব্যয়ে ১৪টি উন্নয়ন প্রকল্প অনুমোদন দেওয়া হয়েছে। এর মধ্যে সরকারের নিজস্ব অর্থায়ন ৮ হাজার ৮৯ কোটি ৫৬ লাখ টাকা, প্রকল্প ঋণ ৫ হাজার ৩৪০ কোটি ২৬ লাখ টাকা এবং সংস্থার নিজস্ব অর্থায়ন ১৫ কোটি ৫৯ লাখ টাকা।

গতকাল রোববার বাংলাদেশ সচিবালয়ে প্রধানমন্ত্রী ও একনেক চেয়ারপারসন তারেক রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় এসব প্রকল্প অনুমোদন দেওয়া হয়। অনুমোদিত প্রকল্পের মধ্যে নতুন ৫টি, সংশোধিত ৫টি এবং মেয়াদ বৃদ্ধি-সংক্রান্ত ৪টি প্রকল্প রয়েছে। ● পৃষ্ঠা-২ কলাম ৫



প্রধানমন্ত্রী তারেক রহমান গতকাল সচিবালয়ে মন্ত্রিপরিষদ বিভাগের সভাকক্ষে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) ২০২৫-২৬ অর্থবছরের ১০ম সভায় সভাপতিত্ব করেন –পিআইডি

## ৬১টি জেলায় হামের সংক্রমণ ছড়িয়েছে –বিশ্ব স্বাস্থ্য সংস্থা

নিজস্ব প্রতিবেদক

দেশের ৬১টি জেলায় হামের সংক্রমণ রোগ হাম ছড়িয়ে পড়েছে। কেবলমাত্র পঞ্চগড়, লালমনিরহাট ও রাঙ্গামাটি জেলায় এখনও এই রোগের সংক্রমণ শনাক্ত হয়নি। গতকাল রোববার সকালে রাজশাহী বিভাগে চলমান হাম-রুবেলা টিকাদান ক্যাম্পেইনের অগ্রগতি ও ঘাটতি পর্যালোচনার জন্য আয়োজিত বিভাগীয় সমন্বয় সভায় বিশ্ব স্বাস্থ্য সংস্থার পক্ষ থেকে এ তথ্য জানানো হয়েছে। ● পৃষ্ঠা-১১ কলাম ১

## প্রকল্প গ্রহণে ব্যয় সাশ্রয় ও যৌক্তিকতা নিশ্চিতে প্রধানমন্ত্রীর নির্দেশনা

নিজস্ব প্রতিবেদক

প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের ক্ষেত্রে প্রধানমন্ত্রী ব্যয় সাশ্রয়, যৌক্তিকতা নিশ্চিতের নির্দেশনা দিয়েছেন বলে জানিয়েছেন অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী মো. জোনায়েদ আব্দুর রহিম সাকি। একই সঙ্গে সরকারের নির্বাচনী অঙ্গীকার ও উন্নয়ন পরিকল্পনার সঙ্গে সামঞ্জস্য থাকতে হবে বলেও জানান তিনি। গতকাল রোববার সচিবালয়ে মন্ত্রিপরিষদ বিভাগের সভাকক্ষে প্রধানমন্ত্রী তারেক রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) বৈঠক শেষে সাংবাদিকদের তিনি এ কথা বলেন। ● পৃষ্ঠা-২ কলাম ৫

পূর্বাঞ্চলের রেলপথ রক্ষণাবেক্ষণ-পুনর্বাসনে প্রকল্প নিয়েছে সরকার –রেলমন্ত্রী
পৃষ্ঠা >> ১১

## ভ্যাট ফাঁকি ঠেকাতে পণ্যে কিউআর কোড বসাবে এনবিআর

নিজস্ব প্রতিবেদক

ভ্যাট ফাঁকি রোধ ও করের আওতা বাড়াতে দেশের বাজারে বিক্রি হওয়া সব পণ্যে পর্যায়ক্রমে 'কিউআর কোড' বা আধুনিক ডিজিটাল ট্র্যাকিং পদ্ধতি চালুর উদ্যোগ নিয়েছে জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর)। এর ফলে উৎপাদন পর্যায় থেকেই প্রতিটি পণ্যের তথ্য এনবিআরের কেন্দ্রীয় সার্ভারে যুক্ত হবে, যা দিয়ে মাঠপর্যায়ে সহজেই পণ্যের কর পরিশোধের বিষয়টি যাচাই করা ● পৃষ্ঠা-১১ কলাম ২

## সাত জেলায় বজ্রপাতে ১৪ জনের মৃত্যু

নিজস্ব প্রতিবেদক

দেশের সাত জেলায় বজ্রপাতে ১৪ জনের মৃত্যু হয়েছে। গতকাল রোববার সকাল থেকে বিকেল পর্যন্ত এসব প্রাণহানির ঘটনা ঘটে। এর মধ্যে গাইবান্ধায় পাঁচজন, সিরাজগঞ্জে দুইজন, ● পৃষ্ঠা-১১ কলাম ২

সহায়তা বিতরণ অনুষ্ঠানে ত্রাণমন্ত্রী

## ছাত্রীদের স্কুলড্রেস-জুতা ও বাইসাইকেল দেয়া হবে

নিজস্ব প্রতিবেদক

মেয়েদের শিক্ষা নিশ্চিত করতে সরকার সব ধরনের বিশেষ উদ্যোগ ও বহুমুখী কার্যক্রম অব্যাহত রাখবে বলে জানিয়েছেন ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রী অধ্যক্ষ আসাদুল হাবিব দুলু। গতকাল ● পৃষ্ঠা-১১ কলাম ৩

## একসঙ্গে ১৫ দপ্তরের নতুন চেয়ারম্যান-ডিজি নিয়োগ

নিজস্ব প্রতিবেদক

একসঙ্গে ১৫ অধিদপ্তর ও সংস্থায় নতুন প্রধান নিয়োগ দিয়েছে সরকার। অতিরিক্ত সচিব পদমর্যাদার ১৫ কর্মকর্তাকে নিয়োগ দিয়ে গতকাল রোববার পৃথক প্রজ্ঞাপন জারি করেছে জনপ্রশাসন মন্ত্রণালয়। প্রজ্ঞাপন অনুযায়ী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের অতিরিক্ত মহাপরিচালক রাজা মো. আব্দুল হাইকে বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষের (এনটিআরসিএ) চেয়ারম্যান, গ্রামীণ রাস্তায় ১৫ মিটার পর্যন্ত দৈর্ঘ্য ● পৃষ্ঠা-১১ কলাম ৩

সংসদে প্রশ্নের জবাবে সড়ক ও সেতুমন্ত্রী

## দ্বিতীয় যমুনা সেতু নির্মাণে সম্ভাব্যতা যাচাই চলছে

এডিবির মাস্টারপ্ল্যান অনুযায়ী ২০৪০ সালের মধ্যে ৪৯৬ কিমি মহাসড়ক ৬ লেন ও ১০২ কিমি ৮ লেনে উন্নীত হবে

নিজস্ব প্রতিবেদক

যানজট এড়িয়ে যাতায়াত ব্যবস্থার আরও অগ্রগতি সাধনের লক্ষ্যে দ্বিতীয় যমুনা সেতু নির্মাণে সম্ভাব্যতা সমীক্ষার কার্যক্রম চলমান আছে বলে জানিয়েছেন সেতুমন্ত্রী শেখ রবিউল আলম।

তিনি বলেন, বিদ্যমান যমুনা সেতু সংকীর্ণ চার লেনের হওয়ায় বিভিন্ন সময়ে যানজট সৃষ্টি হচ্ছে, যা নিরসনে যমুনা নদীর ওপর একটি বিকল্প সেতু নির্মাণ করা প্রয়োজন। বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের মাস্টারপ্ল্যানে ২০৩৩ সালের মধ্যে দ্বিতীয় যমুনা সেতু বাস্তবায়নের লক্ষ্যে সুপারিশ করা হয়েছে।

গতকাল রোববার জাতীয় সংসদে সরকারদলীয় সংসদ সদস্য মোস্তাফিজুর রহমান বাবুলের প্রশ্নের জবাবে তিনি এ ● পৃষ্ঠা-১১ কলাম ৪




প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ-২০২৫ এ চূড়ান্তভাবে সুপারিশপ্রাপ্ত ১৪ হাজার ৩৮৪ জন শিক্ষকের নিয়োগ ও পদায়নের দাবিতে গতকাল রাজধানীর শাহবাগ জাদুঘরের সামনে অবস্থান কর্মসূচি পালন করেন শিক্ষকরা –আমার বার্তা

## একটি গোষ্ঠী স্বাধীনতার ইতিহাস ভুলিয়ে দিতে চায় –রিজভী

নিজস্ব প্রতিবেদক

বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব ও প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা রুহুল কবির রিজভী বলেছেন, একটি গোষ্ঠী স্বাধীনতার ইতিহাস ভুলিয়ে দিতে চাচ্ছে। কিন্তু কোনো চক্রান্তই সফল হবে না। ৩০ লাখ শহীদের রক্তের বিনিময়ে অর্জিত স্বাধীনতা কোনো চক্রান্তের মাধ্যমে মুছে ফেলা যাবে না।

গতকাল রোববার সকালে জাতীয়তাবাদী মুক্তিযুদ্ধ প্রজন্ম দলের সদস্যদের নিয়ে প্রয়াত রাষ্ট্রপতি জিয়াউর রহমান ও ● পৃষ্ঠা-১১ কলাম ৪



কয়েক দিনের অস্বস্তিদায়ক ভ্যাপসা গরমের পর গতকাল দেশের বিভিন্ন স্থানে বৃষ্টি শুরু হয়। এতে কিছুটা স্বস্তি ফিরেছে জনজীবনে। ছবিটি গতকাল রাজধানীর দৈনিক বাংলা মোড় থেকে তোলা –আমার বার্তা

## বৃষ্টিতে মিলছে স্বস্তি, কালবৈশাখী ঝড়ের আশঙ্কা

নিজস্ব প্রতিবেদক

কয়েক দিনের অস্বস্তিদায়ক ভ্যাপসা গরমের পর দেশের বিভিন্ন স্থানে বৃষ্টি শুরু হয়েছে। এতে কিছুটা স্বস্তি ফিরেছে জনজীবনে। রাজধানীসহ অনেক এলাকায় গতকার রোববার বিকেল থেকেই দমকা হাওয়া ও বজ্রসহ বৃষ্টিপাত হচ্ছে, ফলে অনেকাংশে কমেছে তাপমাত্রা। সেই সঙ্গে তৈরি হয়েছে কালবৈশাখী ঝড়ের আশঙ্কা!

আবহাওয়া অধিদপ্তর জানিয়েছে, এই বৃষ্টিপাতের ধারাবাহিকতা আগামী কয়েক দিন থাকতে পারে। পশ্চিম ও উত্তর-পশ্চিম দিক থেকে আসা বায়ুপ্রবাহের প্রভাবে ● পৃষ্ঠা-১১ কলাম ৪

## প্রশ্নপত্র ফাঁসে জিরো টলারেন্স গুজব ঠেকাতে কড়া নজরদারি

নিজস্ব প্রতিবেদক

প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখপাত্র ড. মাহদী আমিন বলেছেন, সরকার প্রশ্নপত্র বিতরণে জিরো টলারেন্স নীতি অনুসরণ করছে। যেকোনো অপপ্রচারের বিরুদ্ধে সবাইকে সচেতন থাকতে হবে। গুজব রোধে সার্বক্ষণিক সামাজিক যোগাযোগমাধ্যম পর্যবেক্ষণ করা হচ্ছে। ● পৃষ্ঠা-১১ কলাম ৪

## রাজনৈতিকভাবে কাউকে নির্মূল করার রাজনীতি চাই না –হাসনাত

নিজস্ব প্রতিবেদক

সংসদ সদস্য হাসনাত আবদুল্লাহ বলেছেন, আমরা সংসদে দাঁড়িয়ে সংসদ নেতার বিরোধিতা করতে চাই, সরকারের সমালোচনা করতে চাই। আমাদের সেই গণতান্ত্রিক পরিবেশ নিশ্চিত করতে হবে।

গতকাল রোববার বিকেলে স্পিকার হাফিজ উদ্দিন আহমদ বীর বিক্রমের সভাপতিত্বে অনুষ্ঠিত অধিবেশনে তিনি এসব ● পৃষ্ঠা-১১ কলাম ৪

## সৌদি পৌঁছেছেন প্রায় ৩৫ হাজার বাংলাদেশি হজযাত্রী

নিজস্ব প্রতিবেদক

এ পর্যন্ত ৮৭টি হজ ফ্লাইটের মাধ্যমে ৩৪ হাজার ৯৪১ জন বাংলাদেশি হজযাত্রী সৌদি আরবে পৌঁছেছেন। বাংলাদেশ হজ অফিসের পরিচালক মো. লোকমান হোসেন জানান, গতকাল রোববার সকাল ১০টার মধ্যে ৮৭টি ফ্লাইট জেদ্দায় অবতরণ করেছে। তিনি বলেন, এ বছর বাংলাদেশ থেকে ৭৮ হাজার ৫০০ জনকে হজ পালনের অনুমতি দেওয়া হয়েছে। তাদের মধ্যে ৩০টি প্রধান সংস্থা এবং ৬৩০টি সমন্বয়কারী সংস্থাসহ মোট ৬৬০টি ● পৃষ্ঠা-১১ কলাম ৪

**নামাজের সময়সূচি**
সোমবার ২৭ এপ্রিল ২০২৬

| নামাজ | ওয়াক্ত শুরু |
|---|---|
| ফজর | ০৪:১১ |
| যোহর | ১২:০০ |
| আসর | ০৪:৩১ |
| মাগরিব | ০৬:২৯ |
| এশা | ০৭:৪৬ |

| আজ সূর্যাস্ত | কাল সূর্যোদয় |
|---|---|
| ৬:২৪ | ৫:৩০ |

## বাড্ডায় বাসা থেকে ঢাবি শিক্ষার্থীর ঝুলন্ত মরদেহ উদ্ধার, শিক্ষক গ্রেপ্তার

নিজস্ব প্রতিবেদক

রাজধানীর উত্তর বাড্ডায় নিজ বাসায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) থিয়েটার অ্যান্ড পারফরম্যান্স স্টাডিজ বিভাগের মাস্টার্সের শিক্ষার্থী মুনিরা মাহজাবিন মিমো নামে এক ছাত্রীর ঝুলন্ত মরদেহ উদ্ধার করেছে পুলিশ। এ ঘটনায় তার বিভাগের এক সহযোগী অধ্যাপককে গ্রেপ্তার করা হয়েছে বলে জানিয়েছে পুলিশ।

গতকাল রোববার সকাল ৮টার দিকে তার মরদেহ বাড্ডার বাসা থেকে উদ্ধার করা হয়। পরে তাকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়া হলে চিকিৎসক মৃত্যুর বিষয়টি নিশ্চিত করেন। ● পৃষ্ঠা-১১ কলাম ৫



মুনিরা মাহজাবিন মিমো

## নতুন মামলায় আইভীকে গ্রেপ্তার না করার নির্দেশ

নিজস্ব প্রতিবেদক

নতুন কোনো মামলায় নারায়ণগঞ্জ সিটি করপোরেশনের সাবেক মেয়র সেলিনা হায়াৎ আইভীকে হয়রানি বা গ্রেপ্তার না করার নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। একই সঙ্গে আইভীকে একের পর এক মামলায় শ্যোন অ্যারেস্ট দেখানো কেন অবৈধ হবে না, তা জানতে চেয়ে রুল জারি করা হয়েছে। গতকাল রোববার বিচারপতি রাজিক আল জলিল ও বিচারপতি দেবাশীষ রায় চৌধুরীর হাইকোর্ট বেঞ্চ এ রুল ● পৃষ্ঠা-১১ কলাম ৫

## গত ৩ বছরে প্রায় ৪০০টি পোশাক কারখানা বন্ধ হয়ে গেছে –বিজিএমইএ

নিজস্ব প্রতিবেদক

গত তিন বছরে প্রায় ৪০০টি পোশাক কারখানা বন্ধ হয়ে গেছে বলে জানিয়েছে তৈরি পোশাক মালিকদের সংগঠন বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানিকারক সমিতি (বিজিএমইএ)। এ ছাড়া আরও বহু কারখানা আর্থিকভাবে ঝুঁকিপূর্ণ অবস্থায় রয়েছে বলে জানিয়েছে সংগঠনটি। এমন অবস্থায় আগামী জাতীয় বাজেটে সরকারের কাছে নীতি সহায়তা চেয়েছে বিজিএমইএ। গতকাল রোববার বিকেলে জাতীয় রাজস্ব ● পৃষ্ঠা-১১ কলাম ৫



গতকাল এনবিআর ভবনে প্রাক বাজেট আলোচনা সভায় বিভিন্ন প্রস্তাব তুলে ধরেন বিজিএমইএ সভাপতি মাহমুদ হাসান খান –আমার বার্তা

## হাম ও উপসর্গ নিয়ে আরও ৮ জনের মৃত্যু

নিজস্ব প্রতিবেদক

গত ২৪ ঘণ্টায় নিশ্চিত হামে একজন মারা গেছে এবং হাম উপসর্গে সারাদেশে আরও সাত জনের মৃত্যু হয়েছে। গতকাল রোববার স্বাস্থ্য অধিদপ্তরের কন্ট্রোলরুম থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

এতে বলা হয়, গত ২৪ ঘণ্টায় সন্দেহজনক হামরোগীর সংখ্যা এক হাজার ৪২১ জন এবং গত ১৫ মার্চ থেকে ২৬ এপ্রিল পর্যন্ত সন্দেহজনক হামরোগীর সংখ্যা ৩২ হাজার ২৮ ● পৃষ্ঠা-১১ কলাম ৫